

# বাংলাদেশের উৎসব উদযাপন আয়োজনের মৌলিক নাম, প্রতিপাদ্য এবং লোগো আহ্বান

বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং আইসিএইচ-পিডিয়া, বাংলাদেশ কনসোর্টিয়াম, ইউনেস্কো সহযোগে বাস্তবায়নের লক্ষ্যে দুই বছরব্যাপী বাংলাদেশের আটটি উৎসব ও ঐতিহ্য নিয়ে একটি অনুষ্ঠানমালার আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে। এ আয়োজনের জন্য একটি মৌলিক নাম ও লোগো প্রয়োজন যা বাংলাদেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপনের গুরুত্ব প্রচার এবং প্রসারের অবিচ্ছেদ্য অংশ হবে।

## নিয়মাবলি:

- অংশগ্রহণকারীকে একটি সম্পূর্ণ ব্রান্ডিং প্ল্যান জমা দিতে হবে, যাতে অন্তর্ভুক্ত থাকবে- মৌলিক নাম এবং লোগো, উৎসব সামগ্রীর জন্য টেমপ্লেট।
- অংশগ্রহণকারীকে ইলাস্ট্রেটর ও পিডিএফ ফাইল ১৩ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে [k.ferdousi@gmail.com](mailto:k.ferdousi@gmail.com)/[rashedulalamprodip@gmail.com](mailto:rashedulalamprodip@gmail.com) বরাবর প্রেরণ করতে হবে। নকশা, ধারণা এবং বিশ্লেষণ বিবরণী সংযুক্ত করতে হবে।
- অংশগ্রহণকারীকে অবশ্যই নিজের তৈরি ডিজাইন ও টেক্সট পাঠাতে হবে। কোনও রূপ অনুকরণের প্রমাণ পাওয়া গেলে বাতিল বলে গণ্য হবে।

## যোগ্যতা:

বাংলাদেশের যে কোন নাগরিক, যিনি বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য উৎসব সম্পর্কে ওয়াকিবহাল এমন ব্যক্তি এ আয়োজনে অংশগ্রহণ করতে পারবে।

## পুরস্কার:

মনোনীত ডিজাইনার/ব্র্যান্ডিং বিশেষজ্ঞ/শিল্পী/শিক্ষার্থীকে স্মারক পুরস্কার ও অর্থ-সম্মানী প্রদান করা হবে।

### নির্বাচন প্রক্রিয়া:

একটি বিশেষজ্ঞ প্যানেল শ্রেষ্ঠ ডিজাইনসমূহ নির্বাচন করবেন।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন- [www.bangladeshmuseum.gov.bd](http://www.bangladeshmuseum.gov.bd)

ফোন: ০১৭১৬১৯৭৫৭৫, ০১৭১৩০৮০৮১৪



বাংলাদেশ জাতীয় জাদুঘর